

গবেষণার সুযোগে বিশ্বকে নাড়িয়ে দেবে তরুণরা

নিজস্ব প্রতিবেদক

২৬ জুন ২০১৯ ০০:০০ | আপডেট: ২৬ জুন ২০১৯ ০৯:২৬



তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, বিজ্ঞান ছাড়া এখন জীবন কল্পনাও করা যায় না। জীবনের সব ক্ষেত্রে বিজ্ঞানের অবদান রয়েছে। বিজ্ঞানের কল্যাণে মানুষ চাঁদে পৌঁছে গেছে। এখন মঙ্গলে যাচ্ছে। তিনি বলেন, আমাদের দেশের তরুণদের আরও বিজ্ঞানমন্ত্র হতে হবে। বিজ্ঞানের দিকে তরুণদের আগ্রহী করে তুলতে বেশি বেশি সুযোগ তৈরি করে দিতে হবে। উন্নত দেশ হতে হলে উন্নত প্রজন্ম গড়ে তোলা দরকার।

গতকাল রাজধানীতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে ৪০তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ, তৃতীয় জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড, তৃতীয় জাতীয় বিজ্ঞানবিষয়ক কুইজ প্রতিযোগিতা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ কথা বলেন তথ্যমন্ত্রী। বিজ্ঞান জাদুঘরের পরিচালক নুরুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিতি ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ইতি রানী পোদ্দার।

হাছান মাহমুদ উপস্থিতি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, বিজ্ঞান গবেষণা করতে হয় ধৈর্যসহকারে। যাদের ধৈর্য কম তাদের বিজ্ঞান গবেষণায় আসা উচিত নয়। তিনি বলেন, আমাদের অনেক মেধাবী তরুণ রয়েছে, যারা সুযোগ পেলে পৃথিবীকে নাড়িয়ে দিতে পারে। তথ্যমন্ত্রী বলেন, আমরা ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত হতে কাজ করছি। উন্নত দেশ হতে হলে উন্নত মানুষ দরকার। আর তরুণদের মধ্যে থেকেই বেরিয়ে আসতে হবে উন্নত মানুষ। তিনি বলেন, বড় হতে হলে স্বপ্ন থাকতে হয়। স্বপ্ন ছাড়া বড় হওয়া সম্ভব নয়।

তরুণদের উদ্দেশে মন্ত্রী আরও বলেন, নিরস্তর প্রচেষ্টের সঙ্গে মেধা, মূল্যবোধ আর দেশপ্রেম থাকলে অবশ্যই স্বপ্ন ছোঁয়া যায়। নানা প্রতিকূলতা পার করে বাংলাদেশ উন্নত দেশের দিকে যাচ্ছে। নানা সূচকে এগিয়ে যাচ্ছে। পৃথিবীতে বাংলাদেশ এখন একটি রোলমডেল। বিশেষ অতিথির বক্তব্যে অতিরিক্ত সচিব ইতি রানী পোদ্দার বলেন, স্বপ্ন ছাড়া মানুষ এগিয়ে যেতে পারে না। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানি শোষকদের হাত থেকে দেশকে মুক্ত করার স্বপ্ন দেখেছিলেন বলেই আজ আমরা স্বাধীন। তিনি বলেন, স্বপ্ন হলো স্টো, যা মানুষকে সুন্মিয়ে থাকতে দেয় না। সুন্মিয়ে সুন্মিয়ে কখনো স্বপ্ন বাস্তবায়ন করা যায় না। তরুণদের বিজ্ঞানমনক্ষ হতে হবে। কুসংস্কার থেকে বেরিয়ে আসতে হবে।

প্রসঙ্গত, গতকাল থেকে ৪০তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলা, তৃতীয় জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড এবং তৃতীয় জাতীয় বিজ্ঞানবিষয়ক কুইজ প্রতিযোগিতা-২০১৯ শুরু হয়েছে। এ উপলক্ষে আয়োজিত জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলায় সারাদেশ থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সিনিয়র, জুনিয়র, বিশেষ গ্রুপ, গাইডসহ ২৬৪ জন অংশগ্রহণ করেন। মেলায় ১৯৮টি বিজ্ঞান প্রজেক্ট নিয়ে অংশগ্রহণ করেছেন শিক্ষার্থীরা। জেলা পর্যায়ে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারকারী সিনিয়র গ্রুপে (কলেজ) ৬২ জন এবং জুনিয়র গ্রুপে (মাধ্যমিক) ৬৪ জনসহ সর্বমোট ১২৬ জন বিজ্ঞান অলিম্পিয়াডে অংশ নেন। বিজ্ঞানবিষয়ক কুইজ প্রতিযোগিতায় প্রতিগ্রুপে তিনজন করে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থী এবং একজন করে গাইডসহ মোট ৯৬ জন অংশ নেন।